

মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এর এপ্রিল, ২০২২ খ্রি. হতে জুন, ২০২২খ্রি. পর্যন্ত শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে
নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ তোফাজউদ্দীন আহমেদ, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
স্থান : সম্মেলন কক্ষ, উপপরিচালকের দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
তারিখ : ১৭/০৫/২০২২ খ্রি.
সময় : বেলা ২.৩০ ঘটিকা।

(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো)

অদ্য ১৭/০৫/২০২২ খ্রি. তারিখে জনাব মোঃ তোফাজউদ্দীন আহমেদ, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ আরিফুল ইসলাম, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী ২০২১-২২ অর্থ বৎসরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভায় নিম্নোক্ত এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য সকলকে অনুরোধ জানান।


আলোচ্য বিষয় সমূহঃ

- ১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
- ২। শুদ্ধাচার পুরস্কার।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ




ক্র:নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক কার্যক্রমের অগ্রগতি বিষয়ক আলোচনা করা হয়।	নিম্নলিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবেঃ ➤ গণশুনানী কার্যক্রম আয়োজন করতে হবে এবং নোটিশ ওয়েবপোর্টালে আপলোডসহ সকল দপ্তর ও অংশীজনের নিকট প্রেরণ করতে হবে। ➤ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে এবং নোটিশ ওয়েবপোর্টালে আপলোডসহ সকল দপ্তর ও অংশীজনের নিকট প্রেরণ করতে হবে। সকল পর্যায়ের অংশীজনের উপস্থিতি নিশ্চিত করতে হবে। ➤ বিকল্প কর্মসংস্থানসহ অন্যান্য উপকরণ বিতরণ এর পরিবীক্ষণ এবং পোনা অবমুক্তি কার্যক্রম পরিবীক্ষণ এর ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং প্রতিবেদন প্রস্তুত করতে হবে।	নৈতিকতা কমিটি
২.	শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনয়নঃ শুদ্ধাচার চর্চার পুরস্কার, ২০২১-২০২২ প্রদানের জন্য গঠিত উপপরিচালকের দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এর বাছাই কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ০১ জন কর্মকর্তা ও ০২ জন কর্মচারীকে পুরস্কারের জন্য মনোনয়ন প্রদান করা হয়।	শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০২১ অনুযায়ী রাজশাহী বিভাগের ২০২১-২২ অর্থবছরে জনাব অলক কুমার সাহা, জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী এর শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহে প্রাপ্ত নম্বর সর্বাধিক হওয়ায় রাজশাহী জেলার জেলা মৎস্য কর্মকর্তাকে বিভাগের মধ্যে শ্রেষ্ঠ জেলা মৎস্য কর্মকর্তা হিসেবে নির্বাচন করা হয়। এছাড়াও কর্মচারীদের মধ্যে জনাব মোঃ রেজাউল করিম, হিসাব রক্ষক, উপপরিচালকের দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এবং জনাব নুরুল ইসলাম, অফিস সহায়ক, উপপরিচালকের দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহীকে শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহে সর্বাধিক নম্বর পেয়ে শ্রেষ্ঠ কর্মচারী হিসেবে নির্বাচিত করা হয়।	নৈতিকতা কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ তোফাজউদ্দীন আহমেদ)
উপপরিচালক ও
সভাপতি
নৈতিকতা কমিটি
মৎস্য অধিদপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী।

রিশিষ্ট ক

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যদের তালিকা

ক্র.নং	নাম, পদবী ও কর্মস্থল	পদ	স্বাক্ষর
০১	মোঃ তোফাজউদ্দীন আহমেদ, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী	সভাপতি	
০২	মোঃ আরিফুল ইসলাম, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী	ফোকাল পয়েন্ট	
০৩	সানজিদা খানম, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী	সদস্য	
০৪	মোঃ মোজাম্মেল হক, সিনিয়র সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী	সদস্য সচিব	